যুগান্তর

তারিখ ... 13 JUL 2016 ...
পৃষ্ঠা ..৩... কলাম ..৮ ... ......

বেসরকারি স্কুল-কলেজ জাতীয়করণ

# তালিকায় আছে আরও ২৩৬ স্কুল ও ১২২ কলেজ

যুগান্তর রিপোর্ট

আরও ২৩৬টি বেসরকারি হাইস্কুল ও ১২২টি বেসরকারি কলেজ সরকারি হচ্ছে। এরমধ্যে ১২১টি বেসরকারি হাইস্কুল সরকারি করার ব্যাপারে প্রধানমন্ত্রীর নীতিগত অনুমোদনসংক্রান্ত সার-সংক্ষেপ দু-এক দিনের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে আসতে পারে। শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক দায়িত্বশীল সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

চলতি দায়িত্বপ্রাপ্ত শিক্ষা সচিব এএস মাহমুদ মঙ্গলবার দুপুরে যুগান্তরকে জানান, 'আমরা ৩১৫টি হাইস্কুল এবং

■ পৃষ্ঠা ৭ : কলাম ৫

## তালিকায় আছে

(৩য় পৃষ্ঠার পর)

৩২১টি কলেজ জাতীয়করণের তালিকা প্রধানমন্ত্রীর দফতরে পাঠিয়েছি। এরমধ্যে ১৯৯টি কলেজ এবং ৭৯টি হাইস্কুল জাতীয়করণের ব্যাপারে তিনি (প্রধানমন্ত্রী) নীতিগত অনুমোদন দিয়েছেন। বাকি স্কুল ও কলেজের মধ্যে কিছু হাইস্কুলের নাম চলতি সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয়ে আসতে পারে। ওইগুলো এলে এক সঙ্গে ২০০ স্কুলের তালিকা আমরা প্রকাশ করব।' দেশের প্রতি উপজেলায় একটি করে বেসরকারি স্কুল ও কলেজ সরকারিকরণের সিদ্ধান্ত আছে সরকারের। এরই অংশ হিসেবে কয়েক দিন আগে ১৯৯ কলেজ সরকারি করা হয়। সোমবার ৭৯টি স্কুলের তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছেছে। তালিকা পাওয়ার পরই সোমবার বিকালে দায়িত্বপ্রাপ্ত সচিব এএস মাহমুদ, অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ, হেলাল উদ্দিনকে নিয়ে শিক্ষামন্ত্রী বৈঠক করেন। সেখান থেকে জাতীয়করণ হওয়া স্কুল সম্পর্কে যাচাই-বাছাই না হওয়া পর্যন্ত কঠোর গোপনীয়তার মধ্যে তালিকা রাখার নির্দেশনা দেয়া হয়। এএস মাহমদু জানান, তালিকায় থাকা সব বেসরকারি স্কুল-কলেজই সরকারি হবে। এখন পর্যন্ত যেসব স্কুল ও কলেজের অনুমোদন পাওয়া গেছে, সেগুলো পরিদর্শনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরে (মাউশি) পাঠানো হবে। পাশাপাশি এসব প্রতিষ্ঠানে সব ধরনের নিয়োগে নিষেধাজ্ঞা আরোপ করা হবে। এছাড়া মাউশিকে এসব প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দিতে বলা হবে। দেশে বর্তমানে ৩৩৫টি সরকারি হাইস্কুল এবং ৩৩১টি কলেজ আছে।